গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।

# প্রেস বিজ্ঞপ্তি

**০৯ ফেব্রুয়ারি ২০১৫, সোমবার**

আজ সোমবার, ০৯ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখ বিকেল ৪:০০ টায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িতব্য "Income Support Program for the Poorest (ISPP)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে ৩০০ (তিনশত) মিলিয়ন ইউ.এস. ডলারের একটি ঋণচুক্তি শের-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। সরকারের দারিদ্র দূরীকরণ কর্মসূচী/সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে এ প্রকল্পের আওতায় Bangladesh Poverty Database (BPD) এর ভিত্তিতে ৭টি জেলার ৪২টি উপজেলার ৪৪৩টি ইউনিয়নের প্রায় ৫ লক্ষ দরিদ্র গর্ভবতী মহিলা ও ০-৫ বছর বয়সী সন্তানের মায়েদের সুনির্দিষ্ট সেবা গ্রহণের শর্তে নগদ অর্থ প্রদান করা হবে। এ লক্ষ্যে স্থানীয় পর্যায়ে Common Implementation Platform প্রতিষ্ঠা করে সরকারি প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা হবে।

এ কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত সেবা গ্রহণের শর্তে সুফলভোগীদের মাঝে নগদ অর্থ প্রদান করা হবেঃ

- অন্তঃসত্ত্বা মহিলাদের গর্ভকালীন ৪ বার স্বাস্থ্য পরীক্ষার প্রেক্ষিতে প্রতিবার ২০০ টাকা হারে নগদ অর্থ প্রদান;
- ০-২৪ মাস বয়সী শিশুদের প্রতি মাসে গ্রোথ পরীক্ষার প্রেক্ষিতে প্রতিবার ৫০০ টাকা হারে অর্থ প্রদান।
- ২৫-৬০ মাস বয়সী শিশুদের প্রতি ৩ মাস অন্তর গ্রোথ পরীক্ষার প্রেক্ষিতে প্রতিবার ১০০০ টাকা হারে অর্থ প্রদান।
- অন্তঃসত্ত্বা মহিলা ও মায়েদের জন্য প্রতিমাসে শিশু পুষ্টি ও উন্নত শিক্ষা সংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণ সাপেক্ষে প্রতিবার ৫০০ টাকা হারে অর্থ প্রদান।

প্রকল্পটি স্থানীয় পর্যায়ে একাধিক সরকারি-বেসরকারি সংস্থা দপ্তরের সমন্বয়ে/বাস্তবায়ন করা হবে এবং প্রকল্প সংশ্লিষ্ট নিম্নবর্ণিত স্থানীয় সরকার অফিসসমূহের দক্ষতাও বৃদ্ধি করা হবেঃ

- সুফলভোগীদের মনিটর করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদের দক্ষতা উন্নয়ন;
- মা ও শিশুদের স্বাস্থ্য সেবা প্রদান এবং জনসচেতনতার জন্য কমিউনিটি ক্লিনিকের দক্ষতা উন্নয়ন;
- পোষ্টাল ক্যাশ কার্ড ব্যবহারের মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে সুফলভেগীদের নিকট অর্থ প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পোষ্ট অফিসের দক্ষতা উন্নয়ন;
- বিদ্যমান ইউনিয়ন পরিষদ অফিসে Safety Net Cell (SNC) প্রতিষ্ঠা।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের কান্ট্রি ডাইরেক্টর Mr. Johannes Zutt উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি এবং বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উপর্যুক্ত ঋণের উপর বিশ্বব্যাংককে Disbursed Amount এর উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে। এ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের Grace Period সহ ৩৮ (আটত্রিশ) বছরে পরিশোধ করতে হবে। প্রকল্পটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক এপ্রিল ২০১৫ থেকে জুন ২০২০ মেয়াদে বাস্তবায়িত হবে।

09.02.15

(সাইয়েদা ফয়জুন্নেছা)
সহকারী প্রধান